

যুগান্তর

যুগান্তরে খবর প্রকাশ

আটকে আছে ৩১ বেরোবি কর্মকর্তার পদোন্নতির সিদ্ধান্ত

👤 রংপুর ব্যুরো

🕒 ০১ জুন ২০২৪, ২২:৫১:১৩ | [অনলাইন সংস্করণ](#)



ফাইল ছবি

যুগান্তরে খবর প্রকাশের পর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) নিষেধাজ্ঞা উপেক্ষা করে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ৩১ কর্মকর্তার পদোন্নতি বোর্ডের সিদ্ধান্ত অনুমোদন দেয়নি সিন্ডিকেট সভা।

শুক্রবার বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত রেজিস্ট্রার (৪র্থ গ্রেড) ও সমপর্যায়ের পদে পদোন্নতির বোর্ড সভার একদিন পর শনিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তা অনুমোদনের জন্য সিন্ডিকেট সভা ডেকেছিলেন।

সভায় কর্মকর্তাদের পদোন্নতি অনুমোদনের বিষয়টি সিন্ডিকেট সদস্যদের জোর আপত্তির কারণে তা অনুমোদন দিতে পারেনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ বিষয়টি আলোচনার বাইরে রাখা হয় বলে জানা গেছে।

সিন্ডিকেট সদস্য রংপুর বিভাগীয় কমিশনার সভার শুরুতেই বিষয়টি সভায় উপস্থাপন না করা এবং সিদ্ধান্ত গ্রহণ থেকে বিরত থাকার জন্য যুক্তি উপস্থাপন করেন। তিনি সভায় বলেন, যেহেতু ইউজিসির এ বিষয়ে আপত্তি রয়েছে, সে কারণে ইউজিসির অনুমোদন নিয়ে যথাযথ প্রক্রিয়ায় চতুর্থ গ্রেডের কর্মকর্তাদের পদোন্নতির বিষয়টি নিষ্পত্তি করতে হবে। অপর সদস্যগণের মধ্যে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আনোয়ার হোসেন একই বক্তব্য উপস্থাপন করে ইউজিসির পরামর্শ ও বিধিবিধান মেনে সিদ্ধান্তের আহ্বান জানান। অন্য সদস্যগণও একমত পোষণ করায় তা সভায় অনুমোদন দেওয়া হয়নি।

বিষয়টি নিশ্চিত করেছেন সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. আর. এম হাফিজুর রহমান। তিনি আরও বলেন, এটি অনুমোদন দেওয়া হলে একটি অবৈধ প্রক্রিয়াকে অনুমোদন দেওয়া হতো। এ বিষয়ে ইউজিসি পাঁচ দফায় চিঠি দিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পদোন্নতি বন্ধের জন্য জানিয়েছিল।

ইউজিসির নিষেধাজ্ঞা উপেক্ষা করে নতুন কৌশলে অতিরিক্ত রেজিস্ট্রার ও সমমর্যাদার কিছু পদে পদোন্নতি দিতে শুক্রবার গোপনে বাছাই বোর্ডের আয়োজন করা হয়। এ বিষয়ে শনিবার ‘মানছে না ইউজিসির নিষেধাজ্ঞা : কর্মকর্তাদের পদোন্নতি দিতে মরিয়া বেরোবি উপাচার্য’ শিরোনামে যুগান্তরে খবর প্রকাশিত হয়। এরপর গত শনিবার সিন্ডিকেট সভায় ওই পদোন্নতি বোর্ডের সিদ্ধান্ত অনুমোদন দেয়নি সিন্ডিকেট সভা।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

